



পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ
বিদ্যাসাগর ভবন

৯/২, ব্লক-ডি.জে., সেক্টর-২, সল্টলেক সিটি
কলকাতা-৭০০০৯১

নং- L/PR/75/2021

তারিখ: 28/07/2021

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল উচ্চমাধ্যমিক বিদ্যায়তনের প্রধানদের রিভিউ সংক্রান্ত নিম্নলিখিত পদ্ধতি অবগতির জন্য জানানো হচ্ছে:-

১. রিভিউ সংক্রান্ত আবেদন গুলি আগামী ৩০ জুলাই ২০২১ পর্যন্ত গ্রহণ করা হবে। ঐ তারিখের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না।
২. বিদ্যালয় প্রধান কর্তৃক সংসদে একাদশ শ্রেণীর যে নম্বর আগে জমা দেওয়া হয়েছে সেগুলিই বিবেচনা করা হবে। নতুন করে একাদশ শ্রেণীর কোনো নম্বর বিবেচনা করা হবে না।
৩. শুধুমাত্র আবেদনকারীদের মাধ্যমিক ও একাদশ শ্রেণীর যে নম্বর সংসদে সংরক্ষিত আছে সেই প্রাপ্ত নম্বরের ভিত্তিতে আবেদনগুলি খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হবে।
৪. যে সব অকৃতকার্য ছাত্রছাত্রী ইতিমধ্যে পরিমার্জিত মার্কসীট পেয়েছে বা পাবে তাদের আবেদন আর নতুন করে গৃহীত হবে না।
৫. রিভিউ সংক্রান্ত আবেদনগুলি বিষয়ে যে ফলাফল প্রকাশিত হবে সেই ফলাফলই চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।
৬. সরকারের অনুমোদনক্রমে এবং পরিস্থিতি অনুকূল হলে অসম্পূর্ণ ছাত্রছাত্রীরা নতুন করে উচ্চমাধ্যমিক পরীক্ষায় বসার সুযোগ পাবে।

(ডঃ মহুয়া দাস)

সভাপতি

পঃবঃউঃমাঃ শিক্ষা সংসদ